

ভবিষ্যৎপরিকল্পনা

- (ক) ঔষধ প্রশাসন অধিদপ্তরের সকল কার্যক্রম আরও সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার জন্য অর্গানোগ্রাম সম্প্রসারণপূর্বক প্রয়োজনীয় লোকবল নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা।
- (খ) National Regulatory Authority(NRA) –কে WHO কর্তৃক Function NRA হিসেবে স্বীকৃতি অর্জন করা।
- (গ) NCL এবং Drug Testing Laboratory -এর জন্য পর্যাপ্ত ফান্ড এর ব্যবস্থা করা।
- (ঘ) প্রয়োজনীয় লোকবল ও আইটি ইকুইপমেন্টসহ ঔষধ প্রশাসনের অভ্যন্তরে একটি আইটি সেল গঠন করা।
- (ঙ) ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকান্ড অটোমেশন প্রক্রিয়ায় সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা।
- (চ) জাতীয় ঔষধ নীতি- ২০১৬ মোতাবেক ঔষধের পাশাপাশি জনগণের জন্য মানসম্পন্ন ও নিরাপদ ঔষধ সংশ্লিষ্ট খাদ্য ও ঔষধ সংশ্লিষ্ট প্রসাধন সামগ্রী নিশ্চিতকল্পে এ জাতীয় দ্রব্যাদি ঔষধ প্রশাসনের নিয়ন্ত্রনভুক্ত করে উন্নত বিশ্বের আদলে ঔষধ প্রশাসনকে Food & Drug Administration -এ রূপান্তর করা।
- (ছ) ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও হার্বাল ঔষধসমূহেরপরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে একটি আধুনিক ল্যাবরেটরী স্থাপন করা।
- (জ) ঔষধ আইন-১৯৪০ ও ঔষধ (নিয়ন্ত্রন) অধ্যাদেশ-১৯৮২ একীভূত করে এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়াদি অন্তর্ভুক্ত করে বাংলা ভাষায় ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ শিরোনামে ০৬/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রী সভা বৈঠকে খসড়া আইনটি চূড়ান্ত অনুমোদন লাভ করে। বর্তমানে বিলটি জাতীয় সংসদে উপস্থাপনের অপেক্ষায় রয়েছে।
- (ঝ) পর্যায়ক্রমে দেশের সকল বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে হাসপাতালগুলোতে Adverse Drug Reaction(ADR) নির্ধারণ করা এবং সারা দেশব্যাপী উক্ত কার্যক্রম জোরদার করা।
- (ঞ) সকল ঔষধ উৎপাদন ও আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক তাদের বাজারজাতকৃত ঔষধের নিয়মিত মনিটরপূর্বক ঔষধ প্রশাসন অধিদপ্তর বরাবর রিপোর্ট প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করা।
- (ট) পর্যায়ক্রমে সকল বিভাগীয় ও জেলা পর্যায়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ করা।
- (ঠ) বিকল্প ধারার ঔষধের জন্য GMP গাইডলাইন প্রণয়ন করা।
- (ড) মানবসম্পন্ন ও নিরাপদ ঔষধ প্রাপ্তির লক্ষ্যে উন্নত বিশ্বের আদলে গ্র্যাজুয়েট ফার্মাসিষ্টের তত্ত্বাবধায়নে ফার্মেসী ব্যবস্থাপনা উন্নয়নের নিমিত্তে মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ প্রতিষ্ঠার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়।
- (ঢ) মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপের ইনসেন্টিভিস্ (সেলস বিনিফিট) বাড়ানোর বিষয়ে বিভিন্ন প্রচারণা চালানো হচ্ছে।
- (ণ) নকল, ভেজাল, মেয়াদ উত্তীর্ণ ঔষুধ এবং এন্টিবায়োটিকের অপব্যবহার প্রতিরোধে মত বিনিময় সভা করা হচ্ছে।